JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে বৈদ্যুতিক যানের (ELECTRIC VEHICLE, EV) ব্যবহার নাটকীয়ভাবে বৃদ্ধি করতে 31.6 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করা হবে

নতুন কৌশলগত স্থানে স্থাপিত দ্রুত চার্জ করার স্টেশন বৈদ্যুতিক যানের সুবিধা ও ব্যাপ্তি বৃদ্ধি করবে

গভর্নরের গ্রিন নিউ ডিলের (Green New Deal) অধীনে জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করে কার্বন নাটকীয়ভাবে হ্রাস করার লক্ষ্য অর্জনে বৈদ্যুতিক যান ব্যবহার মুখ্য ভূমিকা পালন করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে ভবিষ্যৎ বৈদ্যুতিক যান বাজারের জন্য এবং ক্রমবর্ধমান ভোক্তা বাজারের চাহিদার কারণে বৈদ্যুতিক যানের দ্রুত চার্জিং স্টেশনের সম্প্রসারণ অগ্রসর করতে 31.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। নিউ ইয়র্ক স্টেটের জনসেবা কমিশনের (New York State Public Service Commission) দ্বারা আজকে অনুমোদিত পরিকল্পনাটি বিদ্যমান নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) ও নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) তহবিল ব্যবহার করে অতি প্রয়োজনীয় দ্রুত চার্জের স্টেশন পরিকাঠামোর বেসরকারি খাতের বিকাশ ত্বরান্বিত করবে যা 2025 সালের মধ্যে নিউ ইয়র্কে 800,000 নির্গমন শূন্য যান - যা রাস্তার প্রতি দশটির একটি যান প্রতিনিধিত্ব করে - এই লক্ষ্যের সমর্থনকারী।

"আরো বেশি বেশি নিউ ইয়র্কবাসী পরিবহনের জন্য পরিচ্ছন্নতর ও সবুজতর ব্যবস্থা খুঁজছে, এবং আমাদের অবশ্যই এটি নিশ্চিত করতে হবে যাতে পুরো স্টেটে প্রয়োজনীয় পরিকাঠামো থাকে যাতে করে গাড়িচালকের পাওয়ার হারানোর ভয় ছাড়াই যেকোনো দূরত্ব ভ্রমণ করতে পারে", **গভর্নর কুওমো বলেন।** "এই সরকারি বেসরকারি অংশীদারিত্বের ফলে ক্রমবর্ধমান এই শিল্পের বিকাশ ত্বরান্বিত হবে, নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে, এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমাতে আমাদের আগ্রাসী প্রসেসটাকে অগ্রসর করবে।"

"এই উল্লেখযোগ্য বিনিয়োগ দিয়ে, আমরা নিশ্চিত করছি যে বৈদ্যুতিক যানের ব্যবহারের বিস্তার সমর্থন করতে যেন প্রয়োজনীয় পরিকাঠামো থাকে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "চার্জিং স্টেশন যোগ করার ফলে গাড়িচালকরা দীর্ঘতর দূরত্ব যাতায়াত করার ক্ষমতা ও সাহস লাভ করবে। এই প্রচেষ্টা হল গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করতে এবং একটি পরিচ্ছন্নতর ও সবুজতর পরিবেশ নিশ্চিত করতে আমাদের আগ্রাসী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের একটি অংশ।"

এই পরিকল্পনার অধীনে, প্রায় 1,075টি নতুন, জনগণের জন্য উন্মুক্ত দ্রুত চার্জের স্টেশন বার্ষিক ইন্সেন্টিভের উপযুক্ত হবে এবং পুরো স্টেটে সর্বোচ্চ খরচ হবে 31.6 মিলিয়ন মার্কিন ডলার। এইসব দ্রুত চার্জের স্টেশনগুলি EV মালিকদের জন্য অনেক সুবিধাজনক হবে এবং এটি একটি দূরপাল্লার EV কে 20 মিনিটে চার্জ করতে

পারবে, যেখানে সাধারণ বাড়ির চার্জার 20 ঘন্টা সময় নেয় বা দুই পর্যায়ের চার্জার ব্যবহার করলে 4 থেকে 8 ঘন্টা সময় নেয়।

নিউ ইয়র্কে পরিবহন ক্ষেত্র হল শক্তি সম্পর্কিত গ্রিনহাউজ গ্যাস নির্গমনের সর্বাধিক বড় উৎপাদকদের একটি। গভর্নর কুওমোর চার্জ নিউ ইয়র্ক (Charge NY) উদ্যোগের লক্ষ্য হল NYSERDA, ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC), নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি এবং থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) পরিচালিত একাধিক কর্মসূচির মাধ্যমে বৈদ্যুতিক যান ও চার্জিং স্টেশন বৃদ্ধির করে এই নির্গমন হ্রাস করা। গ্যাস-চালিত গাড়ির তুলনায়, বৈদ্যুতিক গাড়ি বেশি শক্তি কার্যকর এবং এটি প্রতি মাইল চলতে প্রায় 50 থেকে 70 শতাংশ কম খরচ করে।

নিউ ইয়র্কের EV বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে। 2018 সালে EV বিক্রি 50 শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং অতি দ্রুত বাজারের অংশ দখল করছে। 2010 থেকে 2018 এর অক্টোবর পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেটে 43,000 এর বেশি EV বিক্রি হয়েছে। এই EV গুলির প্রায় 33 শতাংশ ব্যাটারি-বৈদ্যুতিক যান, বাকি 67 শতাংশ প্লাগ-ইন হাইব্রিড বৈদ্যুতিক যান। আজকের ঘোষিত উদ্যোগের অধীনে 1,075টি নতুন দ্রুত চার্জের স্টেশন যোগ করার পদক্ষেপ নিকট ভবিষ্যতে "ব্যাপ্তি দুশ্চিন্তা" দূর করতে যেই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে তার স্বীকৃতি দেয়। জনগণের জন্য উন্মুক্ত দ্রুত চার্জের স্টেশন তৈরিতে সরকারি সংস্থানের সাথে বেসরকারি বিনিয়োগ ব্যবহার করা আসন্ন বছরগুলিতে নিউ ইয়র্কের EV বাজারকে সচল করতে ইতিবাচক ভূমিকা রাখবে।

পরিচ্ছন্ন পরিবহন বিস্তারে নিউ ইয়র্কের হোলিস্টিক অঙ্গীকারের ফলে স্টেটটিকে EV নিয়োগের ক্ষেত্রে এবং অব্যাহত প্রযুক্তিগত চার্জিং পরিকাঠামো উন্নয়নে দেশের শীর্ষ স্থানে বসাচ্ছে। গভর্নর কুওমোর 2021 সালের মধ্যে 10,000 EV ও 2025 সালের মধ্যে 800,000 নির্গমন শূন্য যানের চার্জ নিউ ইয়র্ক লক্ষ্য অর্জনে উদ্যোগ ও কর্মসূচি বাস্তবায়ন শুরু হয়ে গেছে, যার মধ্যে রয়েছেঃ

- NYSERDA-এর 5 মিলিয়ন ডলার মূল্যের রেডি নিউ ইয়র্ক উদ্যোগ, যা সরকারি বা বেসরকারি নিয়োগকর্তাদের, ভবনের মালিকদের, মিউনিসিপ্যালিটি ও অলাভজনক প্রতিষ্ঠানকে দ্বিতীয় মাত্রার চার্জিং স্টেশন ইনস্টল করার জন্য যান চার্জিং পোর্ট প্রতি 4,000 মার্কিন ডলার প্রদান করবে, মোট 1,250টি নতুন চার্জিং স্টেশনের জন্য; এবং
- ইভলভ নিউ ইয়র্ক এর জন্য NYPA-এর 2025 পর্যন্ত 250 মিলিয়ন ডলার পর্যন্ত অঙ্গীকার, এটি একটি উদ্যোগ যা বেসরকারি খাত ও অন্যান্য মুখ্য স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্ব করে EV অভিযোজন ত্বরান্বিত করতে চার্জিং পরিকাঠামোর বাজার ফাঁকের সমাধান করে এবং পুরো স্টেটে উচ্চ ট্র্যাফিক করিডোরে দ্রুত চার্জের ব্যবস্থা করে।

আজকের অনুমোদিত পরিকল্পনাটি NYPA, DEC, NYSERDA, নিউ ইয়র্ক স্টেট পরিবহন অধিদপ্তর (New York State Department of Transportation), নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথোরিটি, এবং স্টেটের ছয়টি প্রধান বৈদ্যুতিক ইউটিলিটির দ্বারা সমর্থিত হচ্ছে। PSEG-লং আইল্যান্ড এবং লং আইল্যান্ড পাওয়ার অথোরিটিও মধ্য-2019 এর মধ্যে দ্রুত চার্জিং স্টেশনের জন্য একটি সমর্থক কর্মসূচি বাস্তবায়নের পরিকল্পনা করছে।

পরিকল্পনাটি পুরো স্টেটে বাস্তবায়ন করা হবে, যা নতুন নির্মিত চার্জিং স্টেশনের সরাসরি ইনসেনটিভ প্রদানের মাধ্যমে পাবলিক স্টেশন স্থাপন উৎসাহিত করবে যাতে প্রাথমিক নিম্ন ব্যবহার মাত্রার সাথে সম্পর্কিত স্বল্পকালীন অর্থনৈতিক সমস্যা সমাধান করা যায়। প্রতিটি বিনিয়োগকারী মালিকানাধীন ইউটিলিটি একটি

বার্ষিক প্লাগ প্রতি ইনসেনটিভ প্রদান করবে স্টেশনের বিনিয়োগ সমর্থন করার জন্য। ইউটিলিটিগুলি দ্রুত চার্জিং স্টেশনের নির্মাতাদের সাথে কাজ করবে এটি নিশ্চিত করার জন্য যে এগুলি যাতে ভোক্তাদের জন্য সুবিধাজনক অবস্থানে স্থাপিত হয় এবং একইসাথে যাতে গ্রিডের সর্বোচ্চ সুবিধা পায়। উপযুক্ততা সম্পর্কে আরো জানতে, নির্মাতাদের যার যার ইউটিলিটির সাথে যোগাযোগ করতে উৎসাহ প্রদান করা হচ্ছে।

কমিশন সভাপতি জন বি. রোডস বলেন, "ভবিষ্যতের শক্তি সিস্টেম বানাতে এবং পরিবহন খাত থেকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করতে, যা স্টেটের মোট গ্রিনহাউজ গ্যাস নির্গমনের এক তৃতীয়াংশের বেশি, স্টেটের কৌশলের মুখ্য উপাদান হল পরিবহন বৈদ্যুতিক করে ফেলা। ভোক্তারাও এর সুবিধা পাবে কারণ বৈদ্যুতিক গাড়ি শক্তি অধিক কার্যকরভাবে ব্যবহার করে এবং এতে গ্যাসোলিন বা ডিজেল-চালিত গাড়ির তুলনায় প্রতি মাইল চলতে উল্লেখযোগ্য পরিমাণ কম খরচ হয়। আমাদের কার্বন পদাঙ্ক হ্রাস করতে গভর্নর কুওমোর পরিচ্ছন্ন পরিবহন ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের জন্য বৈদ্যুতিক যানের ব্যবহার উৎসাহিত করা কেন্দ্রীয়।"

অ্যালিসিয়া বার্টন, প্রেসিডেন্ট ও সিইও, NYSERDA, বলেছেন, "যেহেতু অনেক বেশি বেশি নিউ ইয়র্কবাসী এখন উপলব্ধি করছে যে পরিচ্ছন্ন যান চালানো কীভাবে অর্থনৈতিক ও পরিবেশগত কারণে লাভজনক, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা পুরো স্টেটে চার্জিং পরিকাঠামো তৈরি করি যাতে তারা নিশ্চিন্তে দূর পাল্লার যাতায়াত করতে পারে। গভর্নর কুওমোর দেশের শীর্ষস্থানীয় গ্রিন নিউ ডিলের লক্ষ্য অর্জনে পরিবহন খাতের ক্ষতিকর নির্গমন হ্রাস করা খুবই গুরুত্বপূর্ণ। ব্যাপক হারে EV ব্যবহার নিউ ইয়র্ককে কার্বন-মুক্ত অর্থনীতির পথে এক ধাপ এগিয়ে নিয়ে যায়।"

গিল সি. কিনিওনেস, NYPA এর প্রেসিডেন্ট ও সিইও, বলেছেন, "আমরা যদি চাই জনগণ EV ব্যবহার গ্রহণ করে নেক, তাহলে দ্রুত চার্জিং স্টেশন বসানোর প্রতিবন্ধকতা দূর করা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কে EV চার্জিং কোম্পানি যাতে অতি দ্রুত বৃদ্ধি পায় তা করতে এইসব প্রচেষ্টা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে কাজ করবে।"

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "পরিবহন ক্ষেত্রে নির্গমন হল নিউ ইয়র্কের গ্রিনহাউজ গ্যাস নির্গমনের সর্ববৃহৎ দাতা। আমাদের স্টেটের বৈদ্যুতিক যান পরিকাঠামো সম্প্রসারণ করার মাধ্যমে, আমরা EV-এর ক্রমবর্ধমান ব্যবহার সমর্থনে স্টেটের ধারণক্ষমতা অনেকাংশে বৃদ্ধি করতে পারবো। গভর্নর কুওমোর আজকের ঘোষণা স্টেটের সার্বিক পরিচ্ছন্ন পরিবহন কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ, যা আমাদের গ্রহ দূষণকারী ও জনস্বাস্থ্য ঝুঁকিগ্রস্ত করা গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমাতে রাস্তায় আরো বেশি করে EV নিয়ে আসবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন এর ভারপ্রাপ্ত কমিশনার পল এ. কারাস বলেন, "পরিচ্ছন্ন যানের পথে গভর্নর কুওমো নেতৃত্ব দিচ্ছেন, ইনসেনটিভ প্রদান করছেন এবং ক্ষতিকর নির্গমন হ্রাস করতে ও পরিচ্ছন্ন শক্তির অর্থনীতি তৈরি করতে অন্য স্টেটগুলির সাথে অংশীদারিত্ব করছেন। আজকে স্টেটের জনসেবা কমিশন দ্বারা অনুমোদিত উদ্যোগগুলি স্টেটের শক্তি ও পরিবেশ লক্ষ্যকে অগ্রসর করবে, দ্রুত বৈদ্যুতিক যান চার্জিং স্টেশন ইনস্টল করতে উৎসাহিত করবে যা নিউ ইয়র্ক স্টেটে একটি বৈদ্যুতিক যানের মালিক হওয়া ও তা চালানো আরো সুবিধাজনক করবে।"

থ্রুওয়ে অথোরিটি এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বললেন, "গভর্নর কুওমোর নেতৃত্বাধীন, থ্রুওয়ে অথোরিটি পরিচ্ছন্ন পরিবহনে বিনিয়োগ করছে থ্রুওয়ে সেবা এলাকা (Thruway Service Areas) এবং থ্রুওয়ে মালিকানাধীন কমিউটার লটে বৈদ্যুতিক যানের চার্জিং স্টেশন বৃদ্ধি করার

মাধ্যমে। পুরো স্টেটে জনগণের জন্য উন্মুক্ত দ্রুত চার্জের স্টেশন এর বিকাশ ত্বরান্বিত করার মাধ্যমে, আমরা আমাদের মোটরচালকদের আরেকটি শক্ত বার্তা পাঠাচ্ছি যে বৈদ্যুতিক যান ক্রয় নিরাপদ, সুবিধাজনক ও জলবায়ু সহায়ক।"

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন শক্তি ও চাকরি এজেন্ডা অর্থাৎ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, নিউ ইয়র্ক স্টেটকে আগ্রাসীভাবে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতার দিকে ঠেলে দিবে। এই উদ্যোগের ফলে পরিচ্ছন্ন শক্তিতে একটি ন্যায্য রূপান্তর হবে, সবুজ অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে শতভাগ পরিচ্ছন্ন হতে হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক আগ্রাসী লক্ষ্যের একটি। 2030 সালের মধ্যে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি মানদণ্ডকে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুতে সফলভাবে রূপান্তর করার ক্ষেত্রে এই নতুন প্রস্তাবিত অব্যক্তটি একটি উল্লেখযোগ্য বৃদ্ধি। নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব বৃদ্ধির অংশ হিসাবে, নিউ ইয়র্ক ইতোমধ্যে সারা স্টেটে 46টি বৃহৎ স্কেল নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে কারণ এটি উল্লেখযোগ্যভাবে তার পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য বৃদ্ধি করে, যেমন: নিউইয়র্কের অফশোর বাতাসের লক্ষ্য চারগুণ করে 2035 সালের মধ্যে দেশের মধ্যে সর্বোচ্চ 9,000 মেগাওয়াট করা; সোলার নিয়োগ 2025 সালের মধ্যে দ্বিগুণ হয়ে 6,000 মেগাওয়াটে হওয়া; 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয় নিযুক্ত করা। এই উচ্চাকাঙ্ক্ষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক গ্রিন ব্যাঙ্ক (NY Green Bank) তার বিশেষজ্ঞতা ব্যবহার করবে প্রতি সর্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ফারাক অতিক্রম করতে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তুলে তৃতীয় পক্ষের তহবিলে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে নিউ ইয়র্ক এবং উত্তর অ্যামেরিকার বাকি অঞ্চল জুড়ে|

রিফর্মিং দ্য এনার্জি ভিশন (Reforming the Energy Vision, REV)

গ্রিন নিউ ডিল গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর ল্যান্ডমার্ক রিফর্মিং দ্য এনার্জি ভিশন কৌশলের উপর ভিত্তি করে গঠন করে পরিবেশ পরিবর্তনের ক্ষেত্রে নেতৃত্ব দিতে এবং নিউ ইয়র্কের অর্থনীতি বৃদ্ধি করতে| REV সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আরো পরিচ্ছন্ন, আরো সহনশীল এবং সাশ্রয়ী শক্তির সিস্টেম তৈরি করছে পরিচ্ছন্ন প্রযুক্তিতে, যেমন সোলার, বাতাস, এবং শক্তির দক্ষতাতে বিনিয়োগ বৃদ্ধি করে| ইতোমধ্যেই, REV স্টেট জুড়ে সৌর বাজারকে প্রায় 1,500 শতাংশ বৃদ্ধি করেছে, 1.65 মিলিয়ন নিম্ন-আয়ের গ্রাহকদের জন্য শক্তি সামর্থ্যের মধ্যে নিয়ে এসেছে এবং নিউ ইয়র্ক স্টেটে উৎপাদন, প্রকৌশল ও অন্যান্য পরিচ্ছন্ন প্রযুক্তির ক্ষেত্রে 150,000 লোকের কর্মসংস্থান করেছে।

গ্রিন নিউ ডিল ও REV-এর ব্যাপারে আরো জানতে, ভিজিট করুন rev.ny.gov, আমাদের অনুসরণ করুন টুইটার, ফেসবুক, এবং লিংকডইন এ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন